

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-১৯৪-আইন/২০১২/৬৫২-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৬ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০০৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৬০-আইন/২০০৫/৪৫১-মুসক রহিতক্রমে, জাতীয় রাজস্ব বোর্ড, উহার অধিনস্থ সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল এ কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে, উক্ত আইনের ধারা ২৪, ২৪ক, ২৫, ২৬, ২৬ক, ৪৮, ৪৮ক ও ৪৯ এর উদ্দেশ্য পূরণকল্পে, মূল্য সংযোজন কর কর্মকর্তার দায়িত্ব পালনের জন্য ক্ষমতা অর্পণ করিল, যথাঃ-

- (ক) মহাপরিচালক;
- (খ) পরিচালক;
- (গ) যুগ্ম-পরিচালক;
- (ঘ) উপ-পরিচালক;
- (ঙ) সহকারী-পরিচালক।

২। এই প্রজ্ঞাপন ১৭ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০১ জুলাই, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোহাম্মদ শফি উদ্দিন]
দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)